**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে স্ব-সহায়ক দলের মহিলাদের দক্ষতা বৃদ্ধির প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।**
**(২) অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, রাজ্যে এখন পর্যন্ত ৮৬ শতাংশ পরিবারকে পরিশ্রুত পানীয় জলের আওতায় আনা হয়েছে।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আত্মবিশ্বাস ব্যক্ত করেছেন যে ভারত বিশ্ব পর্যায়ে প্রতিযোগিতার জন্য সম্পূর্ণরূপে প্রস্তুত এবং আত্মবিশ্বাস এবং সিদ্ধান্তমূলক নীতিগত সংস্কারের মাধ্যমে তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে এগিয়ে চলেছে।**
**(৪) কৈলাশহর আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় ত্রিপুরা পুলিশ জয়লাভ করেছে।**

******************************************

**CM-Bishramgang :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে স্ব-সহায়ক দলের মহিলাদের দক্ষতা বৃদ্ধির প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ বিশ্রামগঞ্জ মিনি স্টেডিয়ামে তিনদিনব্যাপী তৃতীয় সিপাহীজলা জেলাভিত্তিক সরস মেলার উদ্বোধন করেন। তিনি বলেন, বর্তমানে সারা দেশে ত্রিপুরার স্ব-সহায়ক দলের মহিলাদের উৎপাদিত পণ্য সামগ্রীর চাহিদা বাড়ছে।

######Byte-CM######

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তরা সরকার দেব, এমডিসি পদ্মলোচন ত্রিপুরা,

জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বিজয় দেববর্মা। তিন দিনের এই সরস মেলায় জেলার অন্তর্গত বিভিন্ন স্ব-সহায়ক দলের মহিলারা তাদের উৎপাদিত পণ্য সামগ্রীর স্টল খুলে বসেছেন। রাজ্য বহিরাজের শিল্পীরা প্রতিদিন সন্ধ্যায় পরিবেশন করবেন তাদের সাংস্কৃতিক উপস্থাপনা।

****************************

**Finance Minister-DTW :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, রাজ্যে এখন পর্যন্ত ৮৬ শতাংশ পরিবারকে পরিশ্রুত পানীয় জলের আওতায় আনা হয়েছে। আজ উদয়পুরে ১০ হাজার গ্যালন ক্ষমতা সম্পন্ন নব নির্মিত ডিপ টিউবওয়েলের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুলের কাছে এই ডিপ টিউবওয়েল নির্মাণে ব্যায় হয়েছে প্রায় ৯৩ লক্ষ টাকা। এই প্রকল্পটি চালু হওয়ায় উদয়পুর পুর পরিষদের ৫, ১১ এবং ১২ নম্বর ওয়ার্ডের ৪০৮টি পরিবার উপকৃত হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার।

****************************

**District Level Udyam Samagam 2026-Dhalai :**

ক্ষুদ্র ব্যবসায়ীদের স্বনির্ভর করার লক্ষ্যে জেলাভিত্তিক উদ্যম সমাগমের অঙ্গ হিসাবে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের উদ্যোগে আজ আমবাসা টাউন হলে সচেতনতামূলক কর্মসূচি ও কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধন করেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস। তিনি বলেন, এই কর্মসূচীর মূল উদ্দেশ্য নতুন উদ্যোক্তাদের সঠিক দিশা দেখানো এবং চলমান ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ব্যবসায়ীদের সরকারি বিভিন্ন প্রকল্প ও সুযোগ-সুবিধা সম্পর্কে অবহিত করা।

কর্মশালায় PMEGP, PMFME সহ বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ভর্তুকিযুক্ত ঋণ প্রাপ্তির পদ্ধতি, CGTMSE প্রকল্পের আওতায় জামানত ছাড়াই ঋণ সুবিধা, প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্প, MSME চ্যাম্পিয়ন্স স্কিম এবং প্রোকিউরমেন্ট

অ্যান্ড মার্কেটিং সাপোর্ট প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া আধুনিক বিপণন ব্যবস্থা, ই-মার্কেটিং, অনলাইন পণ্য বিক্রি, বিদেশে পণ্য রপ্তানি, উন্নত প্যাকেজিং ব্যবস্থা ও প্রকল্পের বিস্তারিত রিপোর্ট তৈরির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। উদ্যম সমাগমে ধলাই জেলার তাঁত ও হস্ততাঁত শিল্পী, হস্তশিল্প ও বাঁশ-বেত শিল্পের সঙ্গে যুক্ত কারিগর, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের ব্যবসায়ী এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সঙ্গে যুক্ত বহু যুবক-যুবতী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন প্রতিমা মালাকার, অতিরিক্ত জেলা শাসক সাগর আহমেদ প্রমুখ।

****************************

**Saras Fair-Gomati :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরের কে.বি.আই ময়দানে তৃতীয় গোমতি জেলাভিত্তিক সরস মেলা উদ্বোধন করেন। এই মেলা চলবে আগামী ৯ই ফেব্রুয়ারী পর্যন্ত। এই মেলা প্রাঙ্গনে একইসঙ্গে জেলা ভিত্তিক সবজি, পুষ্প প্রদশনী ও প্রতিযোগিতা এবং জেলাভিত্তিক মৎস্য উৎসব শুরু হয়েছে। এই মেলায় জেলার কৃষি, উদ্যান, মৎস্য ও টি.আর.এল.এমের মোট ৮০টি স্টল খোলা হয়েছে। অনুষ্ঠানে গোমতি জেলার ৪৬ জন লাখপতি দিদির সাফল্য সম্বলিত স্মরণিকা প্রকাশ করা হয়েছে। জেলার আটজন সেরা লাখপতি দিদিকেও আজ এই অনুষ্ঠানে সন্মান জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেব রায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**PM in parliament :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আত্মবিশ্বাস ব্যক্ত করেছেন যে ভারত বিশ্ব পর্যায়ে প্রতিযোগিতার জন্য সম্পূর্ণরূপে প্রস্তুত এবং আত্মবিশ্বাস এবং সিদ্ধান্তমূলক নীতিগত সংস্কারের মাধ্যমে তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে এগিয়ে চলেছে। আজ রাজ্যসভায় রাষ্ট্রপতির ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনার জবাবে তিনি একথা বলেন। ইউরোপীয় ইউনিয়ন এবং মার্কিন যুক্তরাষ্ট্র সহ বেশ কয়েকটি দেশের সঙ্গে স্বাক্ষরিত বাণিজ্য চুক্তি সম্পর্কে শ্রী মোদী বলেন, ভারত ৯টি দেশের সঙ্গে বাণিজ্য চুক্তি চূড়ান্ত করেছে এবং সম্প্রতি ইউরোপীয় ইউনিয়নের ২৭টি দেশের সঙ্গে চুক্তি সম্পন্ন করেছে।

##### Byte PM#####

তিনি বলেন, বিশ্ব দ্রুত একটি নতুন বিশ্বব্যবস্থার দিকে এগিয়ে যাচ্ছে এবং ভারত অনেক দেশের জন্য একটি বিশ্বস্ত অংশীদার হিসেবে আবির্ভূত হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, সংসদের যৌথ অধিবেশনে ভাষণ দেওয়ার সময় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিগত এক বছরে বিকশিত ভারতের দিকে যাত্রায় দ্রুত অগ্রগতির কথা তুলে ধরেছেন। তিনি বলেন, প্রধান অর্থনীতির মধ্যে দেশের প্রবৃদ্ধি অনেক বেশি এবং মুদ্রাস্ফীতি কম যা ভারতীয় অর্থনীতির দৃঢ়তা প্রদর্শন করে। পূর্ববর্তী ইউপিএ সরকারের সমালোচনা করে প্রধানমন্ত্রী

বলেন, ২০১৪ সালের আগে অর্থনীতি ভঙ্গুর পাঁচ শ্রেণীতে ছিল এবং এখন দেশ তৃতীয় বৃহত্তম হওয়ার দিকে এগিয়ে যাচ্ছে।

আলোচনায় অংশ নিয়ে বিজেপি সাংসদ মায়া নারোলিয়া বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশ ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত ভারত লক্ষ্যের দিকে ক্রমশঃ এগিয়ে চলেছে। আম আদমি পার্টির সন্দীপ কুমার পাঠক অভিযোগ করেছেন যে প্রতিটি প্রতিষ্ঠানের অপব্যবহার করা হচ্ছে। টিডিপির কেআর সুরেশ বলেন যে জিএসটিতে আনা সংস্কারগুলি প্রশংসনীয়।

****************************

**Bharat Taxi :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লিতে ভারতের প্রথম সমবায় ভিত্তিক রাইড হেলিং প্ল্যাটফর্ম, ভারত ট্যাক্সি আনুষ্ঠানিকভাবে চালু করেছেন। ভারত ট্যাক্সি হল ভারতের প্রথম সমবায়-নেতৃত্বাধীন রাইড-হেলিং প্ল্যাটফর্ম যা বহু-রাজ্য সমবায় সমিতি আইন, ২০০২ এর অধীনে নিবন্ধিত। এই উপলক্ষ্যে আয়োজিত সমাবেশে শ্রী শাহ বলেন যে সরকার ট্যাক্সি পরিষেবা ক্ষেত্রে প্রবেশ করছে না, বরং সমবায় সংস্থাগুলিই এই ক্ষেত্রে পদক্ষেপ নিচ্ছে। তিনি আরও বলেন যে সমবায় ট্যাক্সি পরিষেবা চালকদের সহায়তা করবে, তাদের আয় বৃদ্ধি করবে এবং তাদের সমৃদ্ধি আনবে। মন্ত্রী আরও বলেন যে ভারত ট্যাক্সি চালকদের উপার্জিত ভাড়ার উপর কোনও কমিশন নেবে না।

***************************

**Pariksha Pe Charcha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের লেখা "পরীক্ষা পে চর্চা" শীর্ষক একটি প্রবন্ধ শেয়ার করেছেন। সামাজিক মাধ্যমে বলেছেন যে এই প্রবন্ধটি ব্যাখ্যা করে যে কীভাবে এই উদ্যোগটি জন আন্দোলনে পরিণত হয়েছে এবং ভারতের শিক্ষা যাত্রায় এক গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছে। এটি "বিকশিত ভারতের" পথ প্রশস্ত করেছে।

*****************************

**Minister Visit-Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ আগরতলায় জনজাতি কল্যাণ দপ্তর পরিদর্শনে করেন। পরিদর্শনকালে তিনি দপ্তরের দৈনন্দিন কাজকর্ম, পরিষেবার মান এবং আধিকারিক ও কর্মীদের উপস্থিতি নিয়ে বিস্তারিত খোঁজখবর নেন। তিনি দপ্তরের সামগ্রিক ব্যবস্থাপনা ও পরিষেবার মান নিয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন।

*****************************

**National Level Workshop :**

পরিসংখ্যান দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্যের সর্বত্র কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প সাফল্যের সঙ্গে রূপায়ণ করছে। আজ প্রজ্ঞাভবনের আয়োজিত দু'দিনব্যাপী শিল্প উৎপাদন সূচক জাতীয় স্তরের কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, শিল্প উৎপাদক সূচক জাতীয় কর্মশালা আগামী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্য বাস্তবায়িত করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

এই কর্মশালায় হরিয়ানা, উত্তরাখন্ড, মেঘালয়, পাঞ্জাব, হিমাচল প্রদেশ, মধ্যপ্রদেশ, ত্রিপুরা, মিজোরাম, জম্মু ও কাশ্মীর, ছত্তিশগড়, দিল্লি, রাজস্থান, মণিপুর, অরুণাচলপ্রদেশ, গুজরাট, ঝাড়খন্ড ও উত্তরপ্রদেশের পরিসংখ্যান দপ্তরের পদস্থ আধিকারিকরা অংশ গ্রহণ করেছেন।

*************************

**Budget-BJP Khowai :**

বিজেপি খোয়াই জেলা কার্যালয়ে আজ এক সাংবাদিক সম্মেলনে খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায় কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭ এর প্রশংসা করে বিস্তারিত বক্তব্য রাখেন। তিনি বলেন, এই বাজেটে সবুজ শক্তি, জলবায়ু সহনশীল উন্নয়ন ও পরিবেশ বান্ধব অর্থনীতির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

***************************

**Nari Samity :**

ভারত গণতান্ত্রিক নারী সমিতির উদ্যোগে আজ আগরতলা শহরে বিক্ষোভ মিছিল ও সভার আয়োজন করা হয়। সভায় প্রাক্তন সাংসদ ঝর্ণা দাস পাল বৈদ্য ২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটকে জনবিরোধী বলে আখ্যা দেন।

***************************

**Gen. Padmajang Football :**

কৈলাশহর কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় ত্রিপুরা পুলিশ জয়লাভ করেছে। তারা তিন-শূন্য গোলের ব্যবধানে আসাম পুলিশ দল'কে পরাজিত করেছে। আজকের খেলায় "ম্যান অব ম্যাচ" নির্বাচিত হয়েছেন, ত্রিপুরা পুলিশ দলের রিচার্ড ত্রিপুরা।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***************************